# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

## নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস/বিভাগের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

১। ৳ঃ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে **"ইন্সট্রুমেন্ট টেকনিশিয়ান"**, ডিএইআরএস অধীন কেন্দ্রীয় ইন্সট্রুমেন্ট ওয়ার্ক শপের **৩টি** স্থায়ী পদ ঃ প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে ৪ (চার) বৎসরের অভিজ্ঞতাসহ কমপক্ষে বি.এস.সি. পাশ হইতে হইবে এবং সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। *অথবা* সংশ্লিষ্ট বিষয়ে এইচ.এস.সি. ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশসহ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ২(দুই) বৎসর মেয়াদী ট্রেড কোর্স সম্পন্ন এবং কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট যন্ত্রপাতি (ল্যাবঃইকুইপমেন্টস/ ইলেকট্রো মেকানিক্যাল যন্ত্রপাতি/ প্রজেক্টর/ কম্পিউটার এক্সেসরিজ মেরামত ও ইন্সটলেশন ইত্যাদি) মেরামতের কাজে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

২। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"টুলরুম ইনচার্জ"**, ডিএইআরএস অধীন কার্পেন্ট্রি শপের **১টি** স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। ***অথবা*** এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট লাইনে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৩। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"হেড ইলেকট্রিশিয়ান"** ছাত্রকল্যাণ পরিদপ্তরের **১টি** স্থায়ী পদ ঃ প্রার্থীকে অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। প্রার্থীকে অবশ্যই 'এ' ও 'বি' ক্যাটাগরির লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে। অথবা প্রার্থীকে এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাশসহ সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। প্রার্থীকে অবশ্যই 'এ' ও 'বি' ক্যাটাগরির লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে।

৪। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"নেটওয়ার্ক টেকনিশিয়ান"**, আইসিটি সেল-এর ৪টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে ২য় বিভাগে এইচ.এস.সি অথবা সমমানের পরীক্ষায় পাশ হইতে হইবে। মৌলিক কম্পিউটার দক্ষতা (ওয়ার্ড, এক্সেল, ইন্টারনেট ইত্যাদি)। আইসিটি সম্পর্কিত কোন স্বীকৃত প্রতিষ্ঠানে ৩-৪ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। রক্ষণাবেক্ষণ এবং গোপনীয় কাজে দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

৫। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"হার্ডওয়ার টেকনিশিয়ান"**, আইসিটি সেল-এর ৩টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে ২য় বিভাগে এইচ.এস.সি অথবা সমমানের পরীক্ষায় পাশ হইতে হইবে। মৌলিক কম্পিউটার দক্ষতা (ওয়ার্ড, এক্সেল, ইন্টারনেট ইত্যাদি)। আইসিটি সম্পর্কিত কোন স্বীকৃত প্রতিষ্ঠানে ৩-৪ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। রক্ষণাবেক্ষণ এবং গোপনীয় কাজে দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

৬। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **"সহকারী ইলেকট্রিশিয়ান"**, (ক) ছাত্রকল্যাণ পরিদপ্তরের ২টি স্থায়ী পদ এবং (খ) প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশ এবং ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/টেকনোলজী এবং ইলেকট্রিক্যাল ওয়ারিং-এ ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স পাশ হইতে হইবে। তৎসহ ন্যূনপক্ষে 'বি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসর অথবা 'সি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ ৬ (ছয়) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।

৭। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **''হোয়াইট ওয়াশ মিস্ত্রী"**, প্রধান প্রকৌশলীর কার্যালয়ের **১টি** স্থায়ী পদ ঃ প্রার্থীকে সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে এস.এস.সি. ভোকেশনাল ইন সিভিল পাশ হইতে হইবে। অথবা প্রার্থীকে জে.এস.সি./সমমানের পরীক্ষা পাশসহ কোন খ্যাতনামা নির্মাণ প্রতিষ্ঠানে হোয়াইট ওয়াশ/রং মিস্ত্রি হিসাবে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ ৬ (ছয়) মাসের ট্রেনিং কোর্স সম্পাদনের সার্টিফিকেটধারী হইতে হইবে।

৮। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **''পাম্প ড্রাইভার"**, প্রধান প্রকৌশলীর কার্যালয়ের **১টি** স্থায়ী পদ ঃ প্রার্থীকে জে.এস.সি./সমমানের পরীক্ষা পাশসহ কোন খ্যাতনামা নির্মাণ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট লাইনে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।

৯। ৳ঃ ৮৫০০-২০৫৭০/- বেতন স্কেলে **''সহকারী হোয়াইট ওয়াশ মিস্ত্রী"**, প্রধান প্রকৌশলীর কার্যালয়ের **১টি** স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি পরীক্ষায় পাশসহ হোয়াইটওয়াশ ও পেইন্টিং-এর কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১০। ৳ঃ ৮৫০০-২০৫৭০/- বেতন স্কেলে **''সহকারী টেলিফোন লাইনম্যান"**, প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশ হইতে হইবে এবং সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। ***অথবা*** প্রার্থীকে জেএসসি/ সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট লাইনে ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত হইতে হইবে।

**বি: দ্র:** ক্রমিক নং **১** হইতে ৬ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হইয়াছেন এবং ডিগ্রী অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।"

**প্রার্থীত পদের নাম ও অফিস/বিভাগের নাম আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ পূর্বক প্রতিটি পদের জন্য অফিস/বিভাগ অনুযায়ী আলাদা আলাদা আবেদন করতে হবে।** কম্পট্রোলার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে ১ নং হইতে ৮ নং ক্রমিকের পদের প্রতিটি পদের জন্য ৳ঃ ৩০০/- (তিনশত) টাকার এবং ৯ ও ১০ নং ক্রমিকের পদের জন্য ৳ঃ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (ঢাকা মহানগরীর যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক, বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ দরখাস্তের সহিত জমা দিতে হইবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। বাংলায় প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা, জন্ম তারিখ ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ পূর্বক ভোটার আইডি কার্ড/ জন্ম নিবন্ধন সনদসহ সকল প্রকার সনদপত্রের সত্যায়িত কপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবিসহ কম্পিউটারে মুদ্রিত দরখাস্ত রেজিস্ট্রার-এর বরাবরে পৌছাইতে হইবে। **প্রার্থীকে চিঠি পাঠানোর ঠিকানাসমেত দুটি ফিরতি খাম আবেদনের সহিত দিতে হইবে।** আবেদনে উল্লেখিত তথ্যে অসম্পূর্ণতা পাওয়া গেলে অথবা আবেদনের সাথে জমাকৃত সার্টিফিকেট/মার্কশীটের কপিসমূহে মূলকপি যাচাইকালে কোন অসঙ্গত/অসত্য/ভুল তথ্য পাওয়া গেলে আবেদনকারীর প্রার্থীতা বাতিলযোগ্য বলিয়া গণ্য হইবে। তাছাড়া অসত্য/ভুল তথ্য প্রদানকারী প্রার্থী পরবর্তী পাঁচ বৎসর বুয়েটের কোন চাকুরীর জন্য আবেদন করিলে তাহা বিবেচিত হইবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/বাতিল/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। বিস্তারিত তথ্যের জন্য বুয়েট ওয়েব সাইটে (www.buet.ac.bd/regoffice) দেখা যাইতে পারে অথবা বুয়েটের নোটিশ বোর্ডে খোঁজ নেওয়া যাইতে পারে।

**আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ২৭/০৪/২০২২**

রেজিস্ট্রার